



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

বিজ্ঞপ্তি

তারিখ : ১২/১২/২০১৯

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড বিতরণ ও জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের অর্থাৎ ২০২০ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের নিবন্ধন কার্ড রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ বা তাঁর প্রতিনিধি (অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষর সত্যায়িত করে প্রেরিত প্রত্যয়নকৃত যুক্তি)- কে বর্ণিত তারিখে নিবন্ধন কার্ড গ্রহণ ও বই আকারে বাঁধাই করে কলেজের গোল সিলসহ জমা দেবার জন্য অনুরোধ করা হল। নিবন্ধন কার্ড গ্রহণ ও জমাদানের তারিখ নিম্নরূপ

ক্রমিক	কাজের বিবরণ	তারিখ	জেলা সমূহ
১।	নিবন্ধন কার্ড বিতরণ	১৭/১২/২০১৯	রাজশাহী, নবাবগঞ্জ
		১৮/১২/২০১৯	নওগাঁ, পাবনা
		১৯/১২/২০১৯	নাটোর, সিরাজগঞ্জ
		২২/১২/২০১৯	বগুড়া, জয়পুরহাট
২।	বই আকারে নিবন্ধন কার্ড বাঁধাই এর পূর্বেই যাচাই করে শিক্ষার্থী ও অধ্যক্ষের স্বাক্ষর ও কলেজের গোল সিল দিয়ে নিবন্ধন কার্ড বোর্ডে জমা দান	১৩/০১/২০২০	রাজশাহী, নবাবগঞ্জ
		১৪/০১/২০২০	নাটোর, নওগাঁ
		১৫/০১/২০২০	সিরাজগঞ্জ, পাবনা
		১৬/০১/২০২০	বগুড়া, জয়পুরহাট
৩।	সীল মোহর যুক্ত নিবন্ধন কার্ড বিতরণ	০৯/০৩/২০২০	রাজশাহী, নবাবগঞ্জ
		১০/০৩/২০২০	নাটোর, নওগাঁ
		১১/০৩/২০২০	সিরাজগঞ্জ, পাবনা
		১২/০৩/২০২০	বগুড়া, জয়পুরহাট

মুদ্রণকৃত নিবন্ধন কার্ড বোর্ড থেকে গ্রহণ ও জমা দেয়ার পূর্বে নিম্ন বর্ণিত নির্দেশাবলী অবশ্যই যথাযথ ভাবে পালন করতে হবে

- ১। গ্রহণকৃত সমস্ত নিবন্ধন কার্ড নিবন্ধন নম্বর ক্রমানুসারে সাজিয়ে মুড়ির অংশটুকু হার্ডবোর্ড ও কাপড় দিয়ে বই আকারে বেঁধে কলেজের গোল সিল সহ একসঙ্গে জমা দিতে হবে। ১০০ (একশত) এর বেশী কার্ড বই আকারে বাঁধাই করা যাবে না। ভুল নিবন্ধন কার্ড বই আকারে বাঁধাই করা যাবে না, সংশোধন করার পর নিবন্ধন কার্ড জমা দিতে হবে।
- ২। যে সকল শিক্ষার্থী ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে অন্য বোর্ডের ছাড়পত্রের মাধ্যমে অত্র বোর্ডের আওতাধীন কোন কলেজে ভর্তি হয়েছে, তাদের পূর্ববর্তী বোর্ডের মূল নিবন্ধন কার্ড ও ছাড়পত্রের আদেশের ফটোকপি ফরওয়ার্ডিংসহ জমা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ করা যাবে।
- ৩। মুদ্রণকৃত নিবন্ধন কার্ড গ্রহণের সময় কলেজের নাম, ই.আই.আই.এন নম্বর কলেজ কোড, ডাক, উপজেলা, জেলা এবং প্রয়োজনীয় মোবাইল/টেলিফোন নম্বর যুক্ত কলেজের নির্ধারিত প্যাডে অধ্যক্ষের ফরওয়ার্ডিংসহ আবেদন দাখিল করতে হবে।
- ৪। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন কার্ড গ্রহণ ও জমা প্রদানে ব্যর্থ হলে প্রতিদিনের জন্য ১০০/- টাকা হারে জরিমানা দিয়ে নিবন্ধন কার্ড গ্রহণ ও জমা দেয়া যাবে।
- ৫। নিবন্ধন কার্ডে শিক্ষার্থীর, পিতার, মাতার নামের আক্ষরিক ও বিষয় কোড ভুল হলে নিবন্ধন কার্ড ফটোকপি করে ফটোকপিতে লাল কালি দিয়ে ভুল অংশ কেটে সঠিক তথ্য লিখে ২ সেট আবেদন টেলিফটেক্সের ফটোকপিসহ ৩১/১২/২০১৮ তারিখের মধ্যে কলেজ নিবন্ধন শাখায় শিক্ষার্থী প্রতি ২৫০/- টাকা সোনালী সেবা করে নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে। পরীক্ষা চলাকালীন সময়ে নিবন্ধন কার্ড ৫০০/- ও প্রবেশপত্র ৫০০/- = ১,০০০/- টাকা সোনালী সেবা করে শুধুমাত্র বিষয় কোড সংশোধন করা যাবে। পরীক্ষা শেষ হলে আর কোন প্রকার নিবন্ধন কার্ড সংশোধন করা যাবে না।
- বিঃদ্র: অনিবার্য কারণ বশত: স্কনি নির্ধারিত তারিখে নিবন্ধন কার্ড গ্রহণ/জমাদান সম্ভব না হয় তবে পরবর্তী ক্রমদিবসে নিবন্ধন কার্ড গ্রহণ/জমাদান করতে হবে।

১২/১২/২০১৯
মোঃ হাবিবুর রহমান
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন-০৭২১-৭৭৫৯৬৩

স্মারক নম্বর : ২/কনি-২য় খ/ভ/- ৩য় /৮৫০

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল :

- ১। পি.এস টু চেয়ারম্যান / সচিব/ পরীক্ষা নিয়ন্ত্রক/ উপ-পরিচালক(হিঃ ও নিঃ)/ প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
- ২। প্রশাসনিক কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা/ হিসাব আয় শাখা/ উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা / স্কুর্মাড শাখা / অফিস কপি।

Zahid

উপ-কলেজ পরিদর্শক
নেসার উদ্দীন আহমেদ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন- ০৭২১-৭৭৫৯৬৩

১২/১২/২০১৯

১২/১২/২০১৯